

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd

জয়পুরহাট জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটির অক্টোবর/২০২২ইং মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মো: শরীফুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট।
স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ
তারিখ : ১০/১০/২০২২ খ্রি:, সময় : দুপুর ১২.৪০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টীকরণ করা হয়। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা করা হয়।

ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট বলেন, নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ফার্মেসীর নজরদারি কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে জনগণ ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে নিয়মিত সচেতনতামূলক সভার আয়োজন করা হচ্ছে। নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে।

তিনি আরও বলেন, গত সেপ্টেম্বর মাসে জয়পুরহাট জেলায় ১১০ টি ফার্মেসী ও ০১ টি ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ০৩ টি মোবাইল কোর্টের মাধ্যমে ০৬ টি মামলায় ১৮,৫০০/-টাকা অর্থদণ্ড করা হয়েছে। মাঠ পর্যায়ে ঔষধের মান যাচাই করার জন্য ০৪ টি ঔষধের নমুনা রাজশাহীর মিনি ল্যাবে এবং ০৩ টি ঔষধের নমুনা ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকাতে প্রেরণ করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণ করার নিমিত্তে ঔষধ ব্যবসায়ীদের নিয়ে ০১ টি জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে।


বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও সভার সভাপতি বলেন, প্রত্যেক ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিষ্টের উপস্থিতি নিশ্চিত করতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক মূল্যে কেউ যাতে ঔষধ বিক্রয় করতে না পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে। ঔষধ প্রশাসনের পক্ষ হতে ফার্মেসীগুলো নিয়মিত তদারকি করতে হবে। নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে এবং ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।

অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলার প্রত্যেক ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিষ্টের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট
২.	ঔষধ প্রশাসনের পক্ষ হতে ফার্মেসীগুলো নিয়মিত তদারকি করতে হবে।	ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট

৩.	সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ঔষধ বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট
৪.	নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট ৩) বাংলাদেশ হোমিওপ্যাথিক অ্যাসোসিয়েশন, জয়পুরহাট
৫.	ঔষধের মান যাচাই করার জন্য নিয়মিত ঔষধের নমুনা ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীতে প্রেরণ করতে হবে।	ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট
৬.	মোবাইল কোর্টের মাধ্যমে ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ২) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট ৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।


(মো: শরীফুল ইসলাম)
জেলা ম্যাজিস্ট্রেট

ও
সভাপতি

জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট

☎ ০২৫৮৯৯১৫০৫১

dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়
ঔষধ প্রশাসন, জয়পুরহাট।

স্মারক নং : ঔপ্র/জয়/সভা/২০২০/ ৬২২

তারিখ: ১৩/১১/২০২২ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঔষধ প্রশাসন, রাজশাহী।
- ৪) -----, জয়পুরহাট।

(মো: মোকহেদুল আমিন)

সদস্য সচিব

জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট

☎ ০২৫৮৯৯১৫৪৭৬

drugadjoypurhat@gmail.com